ছিনতাই হওয়া বিমানে আবার জ্বালানি ও খাবারের প্রয়োজন দেখা দিলো। তাই ছিনতাইকারীরা দুবাই এয়ারপোর্ট কর্তৃপক্ষের কাছে জ্বালানি ও খাবার চাইলো এবং তারা এই মর্মে ইংগিত দিলো যে, যদি জ্বালানি ও খাবার দেয়া হয় তাহলে বিমানের মহিলা ও শিশুদের মুক্ত করে দেয়া হবে।

গ্রীনিচমান সময়-২১ টা ৪৫ মিঃ

ছিনতাইকারী এবং সংযুক্ত আরব আমীরাতের প্রশাসনিক কর্মকর্তাদের মাঝে প্রাথমিক পর্যায়ের আলাপ আলোচনার সূচনা হলো।

গ্রীনিচমান সময়-০০ টা ৪৫ মিঃ

বিমান ছিনতাইকারীদের পক্ষ থেকে মহিলা ও শিশুসহ মোট ২৬ জনকে মুক্ত করে দেয়া হলো।

এছাড়া একজন যাত্রী হত্যা করার কথাও ছিনতাইকারীরা স্বীকার করলো। এরপর মুমূর্ষু অসুস্থতার কারণে আরো একজন যাত্রীকে মুক্তি দেয়া হলো। ইতিমধ্যে মুক্তিপ্রাপ্ত যাত্রীদেরকে দুবাই থেকে নয়াদিল্লী পৌঁছে দেয়া হলো। তারা নয়াদিল্লী পৌঁছার পর হাইজাকারদের শনাক্ত করা গেছে বলে ঘোষণা দেয়া হলো।

২৫-১২-৯৯ ইং তারিখ, শনিবার

গ্রীনিচমান সময়-০১ টা ০১ মিঃ

ছিনতাইকৃত বিমান এ সময় দুবাই থেকে পুনরায় অজানা গন্তব্যের পথে উড়ে চললো।

দুবাই থেকে উড়ে চলা ছিনতাইকৃত বিমানটির গতি ছিলো পশ্চিম দিকে। যা থেকে সামগ্রিকভাবে এ বিষয়টিই অনুমিত হলো যে, বিমানটি পুনরায় আফগানিস্তানের দিকে যাওয়ার ইচ্ছা করছে।

গ্রীনিচমান সময়-৩ টা ০৯ মিঃ

ইন্ডিয়ান এয়ারবাসটি আফগানিস্তানের দক্ষিণে অবস্থিত কান্দাহার বিমান বন্দরে অবতরণ করলো।

গ্রীনিচমান সময়-১৫ টা ৪০ মিঃ

বিমানটির ছিনতাইকারীদের পক্ষ থেকে পাকিস্তানের সাথে সম্পৃক্ত এবং ভারতে বন্দী প্রসিদ্ধ সাংবাদিক মাওলানা মাসঊদ আযহারসহ অন্যান্য কাশ্মীরী মুজাহিদদের মুক্তিদানের দাবী উত্থাপন করা হলো এবং তারা এই বলেও হুমকি দিলো যে, যদি দাবী পূরণ করা না হয় তাহলে যাত্রীসহ বিমানটি ধ্বংস করে দেয়া হবে।

এছাড়া ছিনতাইকারীদের পক্ষ থেকে আলাপ আলোচনা ও দাবীসমূহ উপস্থাপন ও পর্যালোচনার ক্ষেত্রে জাতিসংঘের হস্তক্ষেপ কামনা করা হলো।

গ্রীনিচমান সময়-২০ টা ০০ মিঃ

ভারত সরকারের অসহযোগিতার দরুণ আফগানিস্তান সরকার এই মর্মে ঘোষণা প্রদান করলো যে, আগামী রবিবার সকাল সাড়ে আটটার মধ্যে যদি ভারতীয় প্রতিনিধি দল আলাপ আলোচনার জন্য কান্দাহার না পৌঁছে তাহলে ছিনতাইকৃত বিমানটিকে আফগানিস্তান থেকে অন্যত্র চলে যাওয়ার নির্দেশ দেয়া হবে।

২৬/১২/৯৯ ইং তারিখ রবিবার বিমান-০০ টা ২০ মিঃ

ভারতের পক্ষ থেকে আলোচনার জন্য যে কোন মুহূর্তে ভারতীয় প্রতিনিধি দল আফগানিস্তান অভিমুখে রওয়ানা করবে বলে একটি অসমর্থিত সূত্র থেকে খবর পাওয়া গেল।

গ্রীনিচমান সময়-০৪ টা ৪৫ মিঃ

জাতিসংঘের আফগান বিষয়ক প্রতিনিধি 'ইরক ডি মল'-এর ইসলামাবাদ থেকে কান্দাহার অভিমুখে রওয়ানা।

উল্যেখ্য যে, ইতিপূর্বেই জাতিসংঘের পক্ষ থেকে পরিষ্কার ভাষায় জানিয়ে দেয়া হয় যে, ছিনতাইকারী ও ভারতীয় কর্মকর্তাদের মাঝে আলাপ আলোচনা করে বিষয়টি সমাধানের ক্ষেত্রে জাতিসংঘ কোন প্রকারের মধ্যস্থতার ভূমিকা পালন করবে না। তবে মানবিক মৌলিক সহযোগিতার

বিষয়টি তারা এড়িয়ে যাবে না। এ পুরো বিষয়টির ক্ষেত্রেই জাতিসংঘের ভূমিকা হবে পর্যবেক্ষকের ভূমিকা।

এ পর্যায়ে জাতিসংঘ ইন্ডিয়ান সংবাদ মাধ্যমগুলো থেকে প্রচারিত জাতিসংঘ বিষয়ক একটি সংবাদের সত্যতা অস্বীকার করে।

গ্রীনিচমান সময়-১০ টা ১০ মিঃ

ছিনতাইকারীরা 'অনীল খরানা' নামের একজন যাত্রীকে মুক্তি দিয়েছিলো যে ডায়াবেটিস রোগে আক্রান্ত ছিলো।

এসময় ভারতের শাসকগোষ্ঠী ও জাতিসংঘের পক্ষ থেকে ছিনতাইকারীদের সাথে কোনরূপ আলাপ আলোচনা করতে অস্বীকৃতি জানানোর ভিত্তিতে তালিবান প্রশাসনের পক্ষ থেকে এই বলে হুমকি দেয়া হলো যে, যদি ছিনতাইকারীদের সাথে সংলাপের সূচনা করা না হয় তাহলে ছিনতাইকারীদেরকে তাদের বিমানসহ বাধ্যতামূলক আফগানিস্তান থেকে বেরিয়ে যাওয়ার নির্দেশ দেয়া হবে।

এর সাথে তালিবান প্রশাসন এ বিষয়টিও পরিষ্কার ভাষায় জানিয়ে দিলো যে, তারা আফগান ভূমিতে ভিনদেশী কোন অপারেশন বা অভিযান চালানোর বিষয়টির অনুমতি কোনভাবেই অনুমোদন করবে না।

গ্রীনিচমান সময়-১৩ টা ০৫ মিঃ

তালিবান প্রশাসনের পক্ষ থেকে বলা হলো যে, ছিনতাইকৃত বিমানটিতে জ্বালানি ভরা হচ্ছে।

এ সময় সংবাদ পাওয়া গেল যে, তালিবান সরকার হাইজাকারদের তাদের হাইজ্যাককৃত বিমানসহ আফগান ছেড়ে চলে যাওয়ার নির্দেশ দিচ্ছেন।

গ্রীনিচমান সময়-১৬ টা ১০ মিঃ

পাকিস্তান সরকারের পররাষ্ট্রমন্ত্রী একটি সাংবাদিক সম্মেলন করেন। সেখানে তিনি পাকিস্তান সরকারের একটি লিখিত বক্তব্য পাঠ করে শোনান। যেখানে বিমান ছিনতাইয়ের এ বিষয়টিকে ভারতের একটি সুপরিকল্পিত ষড়যন্ত্র হিসেবে অখ্যায়িত করা হয়; সেখানে বলা হয় যে, যদি এটা ভারতের পরিকল্পিত বিষয়ই না হবে, তাহলে এ বিমানটি যখন ভারতেরই একটি শহর

অমৃতসরে অবতরণ করেছিল তখন কি এমন কারণ ছিলো, যে কারণে বিমানটিকে অমৃতসর বিমানবন্দরে আটকে রাখা গেলো না ?

গ্রীনিচমান সময়-১৮ টা ১০ মিঃ

রাশিয়ার পক্ষ থেকে একটি সংবাদ প্রকাশিত হলো যে, বিমান ছিনতাই বিষয়ে আলোচনার জন্য তারা জাতিসংঘের নিরাপত্তা পরিষদের জরুরী অধিবেশন আহবান করার অনুরোধ জানাবে।

২৭-১২-৯৯ ইং সোমবার, গ্রীনিচমান সময়-০৩ টা ০০ মিঃ

তালিবান সরকার প্রধান আমীরুল মুমিনীন মোল্লা মুহাম্মদ উমর বিমান ছিনতাইকারীদের পরিষ্কারভাবে অবগত করিয়ে দিয়েছেন যে, বিমানে যিম্মী যাত্রীদের অবশ্যই মুক্তি দিতে হবে। আর এর অন্যথা হলে ছিনতাই-কারীদেরকে আফগানিস্তানের আকাশসীমা ছেড়ে অন্যত্র চলে যেতে হবে।

গ্রীনিচমান সময়-০৪ টা ০০ মিঃ

আফগান ইঞ্জিনিয়ারগণ কান্দাহার পৌঁছে উল্লিখিত বিমানের ক্ষতিগ্রস্ত ফুয়েল ট্যাংক মেরামত করার চেষ্টা করলো। কিন্তু ছিনতাইকারীরা তা মেরামতের অনুমতি দিতে অস্বীকার করলো।

গ্রীনিচমান সময়-০৫ টা ৩০ মিঃ

ছিনতাইকারীদের পক্ষ থেকে এই আল্টিমেটাম-এর ঘোষণা দেয়া হলো যে, যদি ৮ টা ১০ মিনিটের মধ্যে ভারত তাদের দাবীসমূহ মেনে না নেয় তবে একের পর এক বিমান যাত্রীদের হত্যা শুরু করা হবে।

এরপর ভারত সরকারের বরাত দিয়ে জানানো হলো যে, তাদের কাছে ৮ টা ৩০ মিনিটের আল্টিমেটামের কথা পৌঁছেছে। (যখন ভারতের সময় হবে দুপুর ২ টা)

গ্রীনিচমান সময়-০৪ টা ৩০ মিঃ

ছিনতাইকারীদের পক্ষ থেকে আল্টিমেটামের সময়সীমা বর্ধিত করে আরো ১ ঘণ্টা বৃদ্ধি করা হলো।

গ্রীনিচমান সময়-০৯ টা ২০ মিঃ

বিমান ছিনতাইকারীদের পক্ষ থেকে দেয়া আল্টিমেটামের সময়সীমা আরো দুই ঘণ্টা বর্ধিত করা হলো এবং সাথে সাথে হাইজাকাররা যিম্মী

যাত্রীদের হাত পা বেঁধে দিলো যাতে আল্টিমেটামের সময়সীমা পার হওয়ার সাথে সাথে তাদেরকে সহজেই হত্যা করা যায়।

গ্রীনিচমান সময়-১০ টা ৩০ মিঃ

তালিবান সরকারের পক্ষ থেকে ছিনতাইকারীদেরকে পরিষ্কারভাবে জানিয়ে দেয়া হলো যে, যদি ছিনতাইকারীরা কোন যাত্রীকে হত্যা করে তবে সে ক্ষেত্রে তালিবান সামরিক বাহিনী ছিনতাইকৃত বিমানের উপর অভিযান চালাতে বাধ্য হবে।

গ্রীনিচমান সময়-১০টা ৫০মিঃ

তালিবান প্রশাসনের পক্ষথেকে অবগতি লাভ ও ভারতীয় প্রশাসনের পক্ষ থেকে সংলাপের সম্মতিতে ছিনতাইকারীরা তাদের দেয়া আল্টিমেটাম উঠিয়ে নিলো। সাথে তারা এই মর্মে নিশ্চয়তা ও প্রদান করলো যে, বিমানের যিম্মী যাত্রীদের কোন রূপ কষ্ট দেয়া হবে না।

গ্রীনিচমান সময়-১১ টা ১০ মিঃ

ভারত সরকারের পক্ষ থেকে প্রয়োজনীয় ত্রাণ সামগ্রীসহ একটি প্রতিনিধি দল সংলাপের জন্য কান্দাহার অভিমুখে রওয়ানা করার বিষয়টি কার্যকর করা হলো।

ইতিমধ্যে পাকিস্তান ও ভারতের মধ্যে রাষ্ট্রীয় সংলাপের পরিসমাপ্তি ও যোগাযোগ বিচ্ছিন্ন হওয়ার কারণে ভারতীয় প্রতিনিধি দলকে কান্দাহার বহন করে নিয়ে যাওয়ার জন্য বিমানটি পাকিস্তানী আকাশসীমা ব্যাবহারের অনুমতি লাভে বিলম্ব হওয়ার কারণে প্রতিনিধি দলটির বহনকারী বিমানটিকে পুনরায় দিল্লী ফিরে যেতে হলো। কিন্তু এর কিছু সময় পরই ভারতের সাথে পাকিস্তানের যোগাযোগ পুনঃ স্থাপিত হওয়ায় দ্বিতীয়বার ভারতীয় বিমানটি প্রতিনিধি দলসহ কান্দাহার অভিমুখে রওয়ানা করলো।

গ্রীনিচমান সময়-১১ টা ৪০ মিঃ

ভারতের পক্ষ থেকে প্রেরিত প্রতিনিধি দলকে বহনকারী বিমানটি কান্দাহর বিমানবন্দরে অবতরণ করলো।

গ্রীনিচমান সময়-১৫ টা ৩০ মিঃ

ভারতীয় সাত সদস্য বিশিষ্ট প্রতিনিধি দলের সাথে বিমান ছিনতাই-কারীদের আলোচনার সূচনা হলো।

২৮-১২-৯৯ইং মঙ্গলবার

বিমান ছিনতাইকারীদের পক্ষ থেকে ৩৫ জন বন্দী মুজাহিদের মুক্তি এবং ১১ বিলিয়ন ভারতীয় রুপী জরিমানা এবং শহীদ সাজ্জাদ আফগানীর লাশ ফেরত দেয়ার দাবী উত্থাপন করা হলো।

ভারতের পক্ষ থেকে বিমান ছিনতাইকারীদের দাবী মানতে অস্বীকৃতি প্রকাশ করা হলো।

অপরদিকে বিমান ছিনতাইকারীরাও তাদের দেয়া চূড়ান্ত আল্টিমেটামের সময়সীমা বাড়াতে অস্বীকার করলো। এছাড়া যিম্মী যাত্রীদের মধ্যে এখনো যেসব নারী ও শিশু রয়ে গেছে তাদের ছেড়ে দেয়ার প্রস্তাবও তারা প্রত্যাখ্যান করলো।

এ দিনই নয়াদিল্লীতে ভারতের প্রধানমন্ত্রীর বাসভবনের বাইরে যিম্মী মুসাফিরদের আত্মীয় স্বজনরা বিক্ষোভ প্রদর্শন করে। এ সময়ই কান্দাহার এয়ারপোর্টে অবস্থানরত ছিনতাইকৃত বিমানটির ইঞ্জিন প্রবল ঝাঁকুনি দিয়ে বিকট শব্দে বন্ধ হয়ে গেলো।

ভারতীয় প্রতিনিধি দল ও বিমান ছিনতাইকারীদের মাঝে আলাপ আলোচনায় বারবার অচলাবস্থা সৃষ্টির পর সর্বশেষ অনুষ্ঠিত আলোচনা ও কোন ফলপ্রসু হলো না।

২৯-১২-৯৯ ইং রোজ-বুধবার

যিম্মী যাত্রীদের অবস্থা উত্তরোত্তর শোচনীয় হওয়ার সংবাদ ছড়িয়ে পড়লো।

ছিনতাইকারী ও যিম্মী যাত্রীদের মাঝে ক্লান্তি ও তাদের মানবিক বিকৃতি হেতু পরিস্থিতি বদলে যাওয়ার আশংকা সৃষ্টি হলো।

ভারত সরকারের একগুঁয়েমী ও ছিনতাইকারীদের শক্ত ও কঠোর অবস্থানের কারণে অন্যান্য রাষ্ট্রের যিম্মী যাত্রীদের হস্তান্তরের ব্যাপারে সংশ্লিষ্ট রাষ্ট্রের রাষ্ট্রদূতদের পক্ষ থেকে প্রবল অস্বস্থি ও ধৈর্য্যচ্যুতির পরিস্থিতি সৃষ্টি হলো।

জাপান সরকারের পক্ষ থেকে যিম্মীদের মুক্তিদান বিশেষতঃ জাপানী যিম্মী যাত্রীদের মুক্তি দানের বিনিময় তারা দুই কোটি ডলার মুক্তিপণ আদায় করতে প্রস্তুত মর্মে আভাস দিলো।

পরিশেষে ভারতীয় প্রতিনিধি দল ও ছিনতাইকারীদের মাঝে আলোচনার জন্য একটি সর্বশেষ "ডেড লাইন" বা চূড়ান্ত সময়সীমা বেঁধে দেয়া হলো।

৩০-১২-৯৯ ইং বৃহস্পতিবার

আজ বিমান ছিনতাইকারীদের পক্ষ থেকে ভারতকে সিদ্ধান্ত গ্রহণের জন্য ২৪ ঘণ্টার চূড়ান্ত সময়সীমা বেঁধে দেয়া হলো।

এ সময়সীমা বেঁধে দেয়ার পর ভারতের পররাষ্ট্রমন্ত্রী যশোবন্ত সিন্‌হা এর-পক্ষ থেকে ছিনতাইকারীদের দাবী ও শর্তসমূহ প্রত্যাখ্যান করার ঘোষণা প্রদান করা হলো।

আর মাত্র কয়েক ঘণ্টা বাকী। এ সময়ের মধ্যে ছিনতাইকারী ও ভারতীয় প্রতিনিধি দলের মাঝে বিষয়টি সুরাহা না হলে ছিনতাইকৃত বিমানটিকে জোরপূর্বক আফগানিস্তান থেকে চলে যেতে বাধ্য করা হবে বলে তালিবান প্রশাসনের পক্ষ থেকে দৃঢ়ভাবে ঘোষণা প্রদান করা হলো।

এছাড়া তালিবান সরকার তাদের নিয়ন্ত্রণাধীন আফগান এলাকাসমূহে বিশেষতঃ কান্দাহারে যে কোন রাষ্ট্রের পক্ষ থেকে সম্ভাব্য স্থল কিংবা আকাশ পথে হামলা প্রতিহত করার জন্য এবং ছিনতাইকৃত বিমানকে মুক্ত করার জন্য কোন বহিঃরাষ্ট্রের পক্ষ থেকে যে কোন ধরনের কমান্ডো এ্যাকশন পরিচালনার প্রচেষ্টাকে অকার্যকর করে দেয়ার জন্য ছিনতাইকৃত বিমানের আশে পাশে বিমান বিধ্বংসী কামান, মিসাইলবাহী মর্টার ইত্যাদিসহ আফগান বিশেষ বিশেষ কমান্ডো বাহিনী নিয়োগ করলো এবং প্রতিরোধ ও সতর্কতার জন্য পূর্ণ আফগানিস্তানে "রেড এলার্ড" বা সর্বোচ্চ সতর্কাবস্থা ঘোষণা করলো।

পাক-ভারত সীমান্তে টানাপোড়েন অবস্থার সৃষ্টি হলো। ফলে বিভিন্ন গুরুত্বপূর্ণ ক্ষেত্রসমূহে পাকিস্তানের সশস্ত্র বাহিনীকে "রেড এলার্ড" বা সর্বোচ্চ সতর্কতার অবস্থায় প্রস্তুত রাখা হলো। দিল্লীর ঐতিহ্যবাহী শাহী জামে মসজিদের ইমাম, ইমাম বুখারীর পক্ষ থেকে ভারতের শাসকবর্গ ও বিমান ছিনতাইকারীদের মাঝে একটি আপোস-মীমাংসার জন্য সালিশের ভূমিকা পালনের প্রস্তাব পেশ করা হলো এ সময়ে।

ইতিমধ্যে দারুল উলূম দেওবন্দের বিশিষ্ট আলেমে দীন মাওলানা আস'আদ মাদানীর পক্ষ থেকে পাকিস্তান জমিয়তে উলামায়ে ইসলাম এর আমীর মাওলানা ফযলুর রহমানের কাছে এই মর্মে অনুরোধ জানানো হলো যে, তিনি যেন ছিনতাইকারী কিংবা তাদের উর্ধতন নেতৃবৃন্দের সাথে যোগাযোগ করে কার্যকর পদক্ষেপের মাধ্যমে ছিনতাইকৃত বিমানের যিম্মী যাত্রীদের উদ্ধার করার ব্যাপারে সহায়তা করেন।

সেমতে জমিয়ত প্রধান মাওলানা ফযলুর রহমান কোন এক অজ্ঞাত স্থানে বর্তমান হরকতুল মুজাহিদীনের আমীর মাওলানা ফযলুর রহমান খলীল-এর সাথে সাক্ষাত করলেন। কিন্তু হরকতুল মুজাহিদীন-এর পক্ষ থেকে জানানো হলো যে, ঐ বিমান ছিনতাইকারীদের সাথে আমাদের কোনরূপ সংশ্লিষ্টতা নেই বিধায় আমাদের সাথে আলোচনা করে কোন কাজ হবে না।

হোয়াইট হাউজের মুখপাত্র 'জিম কালিন' ঘোষণা করলেন যে, আমেরিকা আশা করে যিম্মী ও অন্যান্যদের কোনরূপ জীবনের ক্ষয়ক্ষতি ছাড়াই বিমান ছিনতাইয়ের জটিলতার বিষয়টি দ্রুত সমাধা হয়ে যাবে।

অপরদিকে ইউরোপীয় ইউনিয়ন ইন্ডিয়ান এয়ার লাইন্স-এর বিমান ছিনতাই-এর ব্যাপারে গভীর উদ্বেগ প্রকাশ করে।

জাতিসংঘের আফগানবিষয়ক কো-অর্ডিনেটর 'ইরক ডী মল'ও এ সময় ভারতীয় ছিনতাই হওয়া বিমানের ব্যাপারে সৃষ্ট জটিলতার দ্রুত ও সুন্দর সুরাহা হবে বলে আশা প্রকাশ করেন।

এ সময় আফগানিস্তানের পররাষ্ট্রমন্ত্রী ওয়াকীল আহমদ মুতাওয়াককিল-এর পক্ষ থেকে এই মর্মে ইংগিত দেয়া হয় যে, বিমান ছিনতাইকারী ও ভারতীয় প্রতিনিধি দলের মাঝে আলোচনায় কিছুটা অগ্রগতি হয়েছে।

ভারত সরকারের পক্ষ থেকে কাশ্মীর বন্দীদের মধ্য থেকে আটজন নেতৃস্থানীয় বন্দীকে মুক্তি দানের ব্যাপারে সম্মতির কথা জানানো হয়।

৩১/১২/৯৯ ইং রোজ-শুক্রবার

আজ বিমান ছিনতাইকারী ও ভারতীয় প্রতিনিধি দলের মাঝে সর্বশেষ আলাপ-আলোচনার সূচনা হয়।

যে কোন রাষ্ট্রের পক্ষ থেকে আফগানিস্তানের সীমান্ত ও আকাশসীমা অতিক্রম কিংবা বিমান হামলার আশঙ্কায় তালিবান কমান্ডো বাহিনী ও বিমান বাহিনীকে "হাই রেড এলার্ড" বা সর্বোচ্চ চূড়ান্ত সতর্কাবস্থায় থাকার নির্দেশ দেয়া হয়।

এছাড়া যে কোন বহিঃরাষ্ট্রের পক্ষ থেকে পরিচালিত প্রতিশোধমূলক কিংবা ধ্বংসাত্মক তৎপরতার আশঙ্কার বিষয়টি বিবেচনা করে পাকিস্তান সরকার তার স্থলবাহিনী, বিমানবাহিনী ও নৌবাহিনীকে সর্বোচ্চ প্রস্তুতিসহ সর্বদা সর্তক থাকার নির্দেশ প্রদান করে।

এ সময় ভারতীয় প্রতিনিধি দল ও ছিনতাইকারীদের মাঝে সমযোতার বিষয়টি চূড়ান্ত পর্যায়ে পৌছলো। ফলে নতুন দিল্লীতে অনুষ্ঠিত একটি সাংবাদিক সম্মেলনে ভারতের শান্তিরক্ষা বাহিনীর উপদেষ্টা ছিনতাইকারীদের সাথে ভারত সরকারের একটি সমঝোতার কথা ঘোষণা করলেন।

ভারতের পররাষ্ট্রমন্ত্রী যশোযন্ত সিনহা পাকিস্তানের খ্যতিমান সাংবাদিক জনাব মাওলানা মাসঊদ আযহার ও অপর আরো দু'জন মুজাহিদ জনাব মুশতাক যারগর এবং জনাব আহমদ উমর সাঈদ শাইখকে নিয়ে কান্দাহার পৌঁছলেন এবং দাবীর আওতাভুক্ত আরো পাঁচজন মুজাহিদকে শীঘ্রই মুক্তিদানের অঙ্গীকার করলেন।

যাদের মুক্তি চাওয়া হয়েছিলো তাদের বুঝে পাওয়ার পর বিমান ছিনতাইকারীরা আট দিন পর ছিনতাইকৃত বিমানটিকে মুক্ত করে দিলো এবং সকল যিম্মীদের মুক্তি দিলো।

এভাবে ইন্ডিয়ান এয়ারবাস ছিনতাই ঘটনার পরিসমাপ্তি ঘটলো, যে সব যাত্রীরা এতদিন যিম্মী হয়েছিলো তাদেরকে একটি বিশেষ বিমানযোগে ভারতে নিয়ে যাওয়া হলো।

পাঁচজন ছিনতাইকারী ভারতের কাছ থেকে মুক্ত করা তিনজন মুজাহিদকে সাথে নিয়ে অজানা গন্তব্যের পথে রওয়ানা হয়ে গেলো। এখানে অবশ্য আফগান প্রশাসনের পক্ষ থেকে ছিনতাইকারীদের বিদেশী কাউন্সিল খানায় রাজনৈতিক আশ্রয় গ্রহণের সুযোগ দেয়া হয়েছিলো। তারা যদি এ

আশ্রয় গ্রহণ না করে তবে পরবর্তী দশ ঘণ্টার মধ্যে ছিনতাইকারীদের আফগান ছেড়ে যাওয়ার নির্দেশ দেয়া হলো।

ইন্ডিয়ান বিমান ছিনতাইয়ের ব্যাপারে ভারতীয় পুলিশ বাহিনীর পক্ষ থেকে ছিনতাইকারীদের বিরুদ্ধে একজন যাত্রীকে হত্যা ও অপর একজন যাত্রীকে যখম করার অভিযোগে একটি মামলা দায়ের করা হয়।

একটি নতুন বর্ষ শুরুর প্রাক্কালে বিশিষ্ট ইসলামী ব্যক্তিত্ব খ্যাতিমান সাংবাদিক ও মুজাহিদ জনাব মাওলানা মাসঊদ আযহারের মুক্তির সংবাদে গোটা মুসলিম বিশ্বে বয়ে গেলো আনন্দ ও খুশির এক অভিনব স্রোত।

মুজাহিদদের মুক্তি ও যিম্মীদের দেশে ফেরার দৃশ্য

ভারতীয় সময়ানুযায়ী দুপুর ৩টা বেজে ১০ মিনিট। এ সময় ভারতের জাতীয় নিরাপত্তা পরিষদের উপদেষ্টা একটি সাংবাদিক সম্মেলনে এই মর্মে ঘোষণা প্রদান করলো যে, বিমান ছিনতাইকারীদের দাবী মতে তিনজন কাশ্মীরী মুজাহিদকে মুক্তি দেয়ার বিনিময়ে যিম্মী যাত্রীদের উদ্ধার করার বিষয়ে একটি চুক্তি সম্পন্ন করা হয়েছে।

ভারতীয় সময় ৩টা ৪০ মিনিটে ভারতের পররাষ্ট্রমন্ত্রী যশোবন্ত সিনহা তিন কাশ্মীর মুজাহিদকে সাথে নিয়ে কান্দাহার বিমানবন্দরে অবতরণ করলেন।

সন্ধা ৬ টা ১৫ মিনিটে ছিনতাইকারীরা ছিনতাইকৃত বিমানটির নিয়ন্ত্রণ ছেড়ে দিলো এবং তারা রানওয়েতে নেমে এলো।

এরপর ৬ টা ৩০ মিনিটের সময় প্রথম যিম্মী যাত্রী বিমান থেকে বেরিয়ে এলো।

সন্ধ্যা ৭ টার সময় জিম্মি যাত্রীদের বহন করে নিয়ে প্রথম বিমানটি কান্দাহার এয়ারপোর্ট থেকে রওয়ানা হয়ে গেলো।

এরপর ৭ টা ২০ মিনিটে কান্দাহার থেকে যিম্মী যাত্রীদের নিয়ে দ্বিতীয় বিমানটিও কান্দাহার এয়ারপোর্ট ত্যাগ করলো। কান্দাহার থেকে প্রথম যাত্রীবাহী বিমানটি দিল্লীর ইন্ধিরা গান্ধী বিমানবন্দরে অবতরণ করলো রাত ৮ টা ৫৭ মিনিটে আর দ্বিতীয় বিমানটি অবতরণ করলো রাত ৯ টা ১৭ মিনিটে দিল্লী বিমানবন্দরে।

প্রথম অবতরণকারী বিমানটি থেকে প্রথম যাত্রী যখন বিমান থেকে নামলো তখন সময় রাত ৯ টা ৩ মিনিট।

সাংবাদিক সম্মেলনে মাওলানা মাসঊদ আযহার

২৪ শে সেপ্টেম্বর ১৯৯৯ ঈসায়ী তারিখের সন্ধ্যায় কাঠমুণ্ড থেকে নয়াদিল্লী যাওয়ার পথে ছিনতাই হয়ে যাওয়া ভারতীয় বিমানের হাইজ্যাকাররা বিমানের যাত্রীদের ছেড়ে দেয়ার বিনিময়ে যে সব ব্যক্তিবর্গের মুক্তির দাবী করে তাদের মধ্যে মাওলানা মাসঊদ আযহারের নাম ছিল তালিকার শীর্ষে। যাকে বিমান ছিনতাইকারী ও ভারতীয় প্রশাসনের মাঝে আট দিন পর্যন্ত স্থায়ী সংলাপ ও আলাপ আলোচনার পর পরিশেষে আরো দুজন মুজাহিদ সাথীসহ মুক্তি দেয়া হয়।

মাওলানা মাসঊদ আযহার এবং তার সাথীদের ভারতীয় পররাষ্ট্রমন্ত্রী যশোবন্ত সিন্‌হা বিশেষ বিমানযোগে কঠোর নিরাপত্তা ব্যবস্থার মধ্যে আফগানিস্তান নিয়ে আসেন। যেখানে তাদেরকে বিমান ছিনতাইকারীদের হাতে অর্পণ করা হয়।

যারা মাওলানা মাসঊদ আযহার ও তার সাথীদের নিয়ে রওয়ানা হয়ে গিয়েছিলো তারা মাত্র অর্ধ ঘণ্টা সফর করার পরই মাওলানা মাসঊদ আযহার এবং তার সাথীদেরকে আফগানিস্তানের একটি অজ্ঞাতস্থানে ছেড়ে দিলো। মাওলানা মাসঊদ আযহার ৫ ই জানুয়ারী বুধবার করাচী এসে পৌঁছলেন এবং ৬ ই জানুয়ারী তিনি ইসলামী সাহায্য সংস্থার চেয়ারম্যান মাওলানা নিযামুদ্দীন শামেযীর বাসভবনে এক জনাকীর্ণ সাংবাদিক সম্মেলনে বক্তব্য রাখেন। সেখানে তিনি সাংবাদিকদের বিভিন্ন প্রশ্নের উত্তর দেন। যার বিবরণ নিম্নরূপ-

প্রশ্নঃ জনাব মাওলানা! বিমান ছিনতাই থেকে শুরু করে অদ্যাবধি ছিনতাইকারীদের পরিচয় একটা রহস্য হয়ে আছে। আপনি কি ছিনতাইকারীদের চিনতেন?

উত্তর ঃ (মাওলানা ঃ মাসঊদ আযহার) আমি ছিনতাইকারীদের চিনি না।

তারা তাদের চেহারায় মুখোশ পরেছিলো। মুক্তি লাভের পর যখন তালিবানগণ আমাকে এবং আমার অপর দুই সাথী মুশতাক যরগীর ও আহমদ উমর শাইখকে পাঁচজন ছিনতাইকারীর সাথে কান্দাহার বিমানবন্দর থেকে নিয়ে রওয়ানা করলেন তখন মাত্র অর্ধ ঘণ্টা আমি ছিনতাইকারীদের সাথে চললাম কিন্তু আমার অনুরোধ সত্ত্বেও তারা আমাকে তাদের পরিচয় জানাতে অপারগতা প্রকাশ করলো। তারা বললো, মাওলানা! আপনি যদিও আমাদেরকে চিনেন না কিন্তু আমরা আপনাকে শ্রদ্ধা ও সম্মান করি। আপনি শুধু আমাদের জন্য দোয়া করবেন। কারণ আমরা যেখান থেকে এসেছি সেখানে আমাদের পুনরায় ফিরে যেতে হবে। একথা বলে পাঁচজন ছিনতাইকারীই একসাথে এক অজানা গন্তব্যের দিকে রওয়ানা হয়ে গেলো। তবে আলাপ আলোচনায় তারা শুধু এতটুকু প্রকাশ করেছে যে, আমরা ইন্ডিয়ার নাগরিক।

প্রশ্ন ঃ বিমান ছিনতাইয়ের সংবাদ আপনি কীভাবে পেলেন?

উত্তর ঃ ওখানেতো অন্য কোন সংবাদ মাধ্যম ছিলো না, তবে রেডিওর মাধ্যমেই দ্রুত খবরটি আমি জানতে পেরেছিলাম। এর এক দুদিন পরে জানতে পারলাম যে, ছিনতাইকারীরা আমার মুক্তি দাবী করেছে। ভারতে কোন কোন কারাগারে রেডিও শোনার অনুমতি আছে আবার কোন কোন কারাগারে রেডিও শুনবার অনুমতিও নেই। কিন্তু সৌভাগ্যবশতঃ আমি যে কারাগারে ছিলাম সেখানে রেডিও শোনার অনুমতি ছিলো।

প্রশ্ন ঃ এ ঘটনার পর ভারত সরকার আপনার সাথে জেলখানায় কখন যোগাযোগ করে এবং তখন তাদের দৃষ্টিভংগি কেমন ছিলো ?

উত্তর ঃ অমুসলিম কাফিরদের কাছ থেকে ভাল ব্যবহার আশা করা যায় না। সরকারী কয়েকজন অফিসার জেলখানায় আমার কাছে এলো এবং আমাকে জিজ্ঞাসা করলো, বিমান ছিনতাই সম্পর্কে আপনার মতামত কি ? যার জবাবে আমি বললাম, এটা ভাল নয়। আমি বুঝতে পেরেছিলাম যে, এরা আমার কাছে কেন এসেছে।

অতঃপর ঐ অফিসাররা আমাকে বললো যে, আপনি একটি সাক্ষাৎকারে হাইজ্যাকের বিষয়টিকে নিন্দা করুন এবং হাইজাকারদের বলুন, তারা যেন

তাদের হাতে যিম্মী যাত্রীদের মুক্ত করে দেয়। কিন্তু আমি তাদেরকে জবাব দিলাম, যে বক্তব্য আমি রাখাবো তা হলো, ইন্ডিয়া কাশ্মীরকে অন্যায়ভাবে দখল করে রেখেছে। তারা কাশ্মীরকে মুক্ত করে দিক এবং ছিনতাইকারীরাও বিমানটি ছেড়ে দিক। কিন্তু ভারতীয় অফিসাররা বললো, এ বক্তব্য স্থানীয় সংবাদিকদের সামনে রাখা যায়, এ জন্য আন্তর্জাতিক সংবাদ মিডিয়াগুলোকে আহবান করা যায় না। তারা আমাকে বললো, আপনি শুধু শেষের কথাটা বলুন প্রথমটা বলবেন না। আমি তখন তাদেরকে বললাম, ১৮০ জন যিম্মীর মুক্তির কথা বলবো অথচ কাশ্মীরের এক কোটি মযলুম যিম্মীর মুক্তির কথা বলবো না এটা কেমন কথা। এমনটি আমার অন্তর কিভাবে মেনে নিতে পারে!

অতঃপর তারা আমাকে বললো, মাওলানা! আপনি একজন ধর্মীয় নেতা। তখন আমি বললাম, তাহলে আমি কেন এই অন্যায় বন্দীত্বের শিকার? আমি কি দিল্লীতে কারো জুতা চুরি করেছিলাম, আপনাদের কথামত আমি একজন সন্ত্রাসী। সুতরাং আপনারা যদি আমাকে টেলিভিশন ক্যামেরার সামনে বক্তব্য রাখার জন্য বলেন, তবে আমি একথাই বলবো, আমি একজন সন্ত্রাসী এবং আমি সন্ত্রাসীদের কাছে দাবী করছি তারা যেন বিমান ছেড়ে দেয়।

আগত অফিসারেরা এরপর খুব চতুরতা করে বললো, না আপনি সন্ত্রাসী নন বরং আপনি অনেক বড় একজন অভিজ্ঞ আলেম। আমরা আপনার লেখা কিতাবসমূহ দেখেছি। তখন আমি তাদেরকে বললাম, তোমরা যাও! একথা গিয়ে তোমাদের পররাষ্ট্রমন্ত্রীকে বলো।

একটানা তিনদিন পর্যন্ত তারা একটি বক্তব্য দিতে আমার উপর চাপ প্রয়োগ করতে থাকে কিন্তু আমি যখন তাতে সম্মত হলাম না, তখন তারা আমার নামে একটা মিথ্যা বক্তব্য প্রচার করে দিলো।

প্রশ্ন ঃ আপনাকে যখন দিল্লী থেকে কান্দাহার নিয়ে যাওয়া হচ্ছিলো তখন আপনার মাঝে প্রতিক্রিয়া কিরূপ ছিলো, এবং ভারতীয় শাসকগণ তখন আপনার সাথে কিরূপ আচরণ করে?

উত্তর ঃ ভারতীয় শাসকরা যখন আমাকে নিয়ে রওয়ানা করছিলো তখন তাদের চেহারায় অসহায়ত্বের ছাপ দৃশ্যমান ছিলো। সকাল সাড়ে দশটার

সময় আমাকে জম্মুর কোর্ট বাহওয়াল জেল থেকে দিল্লী নিয়ে আসা হলো। আমাকে দিল্লী পৌঁছানো হলো পৌনে তিনটার দিকে, এবং সেখান থেকে ভারতীয় সময় মোতাবেক পৌনে পাঁচটার সময় আমাকে নিয়ে কান্দাহার পৌঁছে গেলো। এ সময় আমি খুবই আনন্দিত ছিলাম। কারণ দীর্ঘ ছয় বছর ছয়দিন পর আমি আমার দেশে ফিরে যাচ্ছিলাম। যে অবস্থায় আমাকে দিল্লী আনা হয়েছিলো তা আমি বর্ণনা করে বুঝাতে পারবো না। সে সময় আমার চোখ ছিলো বাঁধা, উভয় হাতও ছিলো শক্তভাবে বাঁধা।

এয়ারপোর্টে এসে আমি অনুরোধ করলাম এই বলে যে, এটা আমার কুরআন শরীফ তিলাওয়াতের সময়, আমার নামাযের সময় হয়েছে আমাকে নামায পড়তে হবে। কিন্তু কেউ আমার কথায় কর্ণপাত করলো না। এর অল্প দূরেই দাঁড়ানো ছিলো ভারতের পররাষ্ট্রমন্ত্রী যশোবন্ত সিন্‌হা। আমি তখন চিৎকার করে বললাম, ভারত ধর্মনিরপেক্ষ রাষ্ট্র বলে দাবী করে কিন্তু আমাকে নামায পড়তে দেয়া হচ্ছে না।

বিমানে আমাকে আমার অপর দুই সাথী জনাব মুশতাক যারগীর এবং আহমদ উমর শাইখ থেকে পৃথক করে বসানো হলো। তাদের দুজনকেও ভিন্ন ভিন স্থানে বসানো হলো। আমাদের সাথে বিমানে ভারতের প্রায় নব্বই জন কমান্ডো কান্দাহার গেলো। যশোবন্ত সিন্‌হা -এর ব্যক্তিগত চাকররা তাকে বারবার বিভিন্ন ধরনের ঔষধপত্র খাওয়াতে থাকলো। অস্থিরতার স্পষ্ট ছাপ তার চেহারায় বিদ্যমান ছিলো।

কান্দাহার বিমানবন্দরে বিমানটি অবতরণ করার পর ভারতীয় প্রতিনিধি ও কায়েকজন তালেবান বিমানের অভ্যন্তরে প্রবেশ করলেন। তালিবানগণ আমাকে বুকে জড়িয়ে মু'আনাকা করলেন এবং হাতে ধরে বিমান থেকে বাইরে নিয়ে এসে একটি গাড়িতে আমাকে বসিয়ে দিলেন। অপরদিকে ছিনতাইকারীরা বিমান থেকে লাফ দিয়ে বাইরে বেরিয়ে এলো। মাত্র সাড়ে তিন মিনিটের কার্যক্রম সমাপ্ত করে আমরা এয়ারপোর্ট থেকে গাড়িতে রওয়ানা হয়ে গেলাম।

প্রশ্ন ঃ আপনি আফগানিস্তান থেকে পাকিস্তান এলেন, এ সময় সীমান্তে প্রহরীরা আপনাকে কিছু জিজ্ঞাসাবাদ করেনি ?

উত্তর ঃ আমি আমার দেশে ফিরে এসেছি। এখানে আমাকে আবার কে জিজ্ঞাসাবাদ করবে। মাত্র আধা ঘণ্টা আমাদেরকে নিয়ে চলার পর ছিনতাইকারীরা আমাদের ছেড়ে দিয়ে অজানা গন্তব্যের পথে অদৃশ্য হয়ে গেছে। অপরদিকে আমার সাথীরা পাকিস্তান সীমান্তে আমাদের জন্য অপেক্ষা করছিলো।

প্রশ্ন ঃ আহমদ উমর শাইখ কোথায় ? সে কোথায় যাচ্ছে ? সেকি বৃটেনের অধিবাসী এবং সেকি লন্ডন চলে গেছে ?

উত্তর ঃ আহমদ উমর শাইখ পাকিস্তানেরই অধিবাসী, তিনি পাকিস্তানেই আছেন। মুশতাক যারগীর কাশ্মীরের অধিবাসী বিধায় তিনি কাশ্মীর চলে গেছেন।

প্রশ্ন ঃ আপনি কি নিয়ম তান্ত্রিকপন্থায় হিন্দুস্থান গিয়েছিলেন ?

উত্তর ঃ জি হ্যাঁ, আমি বৃটেন থেকে ভারতের ভিসা গ্রহণ করেছিলাম। এরপর আমাকে ভারত সরকার যখন গ্রেফতার করলো তখন আমার প্রতি সন্ত্রাসী হওয়ার অভিযোগ আরোপ করলো। ভারতের সর্বোচ্চ আদালত আমাকে মুক্তি দেবার নির্দেশ দিলো। কিন্তু ভারতের গোয়েন্দা সংস্থার কর্মকর্তারা আমাকে বললো, আদালত যে সিদ্ধান্তই দিক না কেন, আপনি মুক্তি পাবেন না। আমরা কোন আদালতের রায়কে পরওয়া করি না। একজন ভারতীয় অফিসার তো এ পর্যন্ত বলে ফেললো যে, মুক্তির স্বপ্ন দেখে লাভ নেই। আদালতের এ কার্যক্রম শুধুমাত্র একটি নাটক।

প্রশ্ন ঃ মাওলানা! লোক মুখে শোনা যায় যে, বিমান ছিনতাইকারীদের মাঝে একজনের নাম ছিলো "ইবরাহীম" এবং সে নাকি আপনার ভাই ?

উত্তর ঃ হ্যাঁ, ইবরাহীম আমার ভাই-এ কথা ঠিক। তবে সে ঐ ঘটনার সময়টায় উমরা করতে গিয়েছিলো, আমি তার আগমনের অপেক্ষা করছি।

প্রশ্ন ঃ বিমান ছিনতাইকারীদের ব্যাপারে আপনার অনুভূতি কি ?

উত্তর ঃ তারা অপরিচিত মুজাহিদ। আমি তাদের মুবারকবাদ জানাই এবং আমার প্রতি অনুগ্রহ করার কারণে আমি তাদের কাছে কৃতজ্ঞ।

প্রশ্ন ঃ বর্তমানে কাশ্মীর জিহাদে কি পরিমাণ লোক কারাগারে আছে ?

উত্তর ঃ স্থানীয় কাশ্মীরীদের সংখ্যা দেড় হাজার। এছাড়া কাশ্মীরীদের প্রতি

সহমর্মিতা প্রদর্শন করে জিহাদী প্রেরণায় উজ্জীবিত হয়ে যারা বিভিন্ন দেশ থেকে সীমান্ত পার হয়ে কাশ্মীর জিহাদে অংশ নিয়েছে এমন বন্দীর সংখ্যা একশত আশি। স্বয়ং ভারতীয় সংবাদপত্রগুলো স্বীকার করেছে যে, ভারতীয় সৈন্যরা অনেক নিরপরাধ লোককে বন্ধি করে রেখেছে যারা বিভিন্ন কারাগারে ধুঁকে ধুঁকে দিন কাটাচ্ছে।

প্রশ্ন ঃ আপনার ভবিষ্যৎ কর্মধারা কি হবে ? আপনি কি পুনরায় কাশ্মীর যাবেন ?

উত্তর ঃ কাশ্মীর পাকিস্তানের অংশ। কাশ্মীর আমাদের সুতরাং আমরা যখন ইচ্ছা কাশ্মীর যাব আবার যখন ইচ্ছা আসবো।

প্রশ্ন ঃ মাওলানা! গোটা বিশ্ব হাইজ্যাক বা ছিনতাইকে নিন্দা করে। পাকিস্তানও নিন্দা করেছে। আপনি নিজেও এ কাজকে পছন্দ করেননি। এরপরও কেন আপনি ছিনতাইকারী ও তাদের তৎপরতার উপর গর্ব করেন ? ভবিষ্যতে কি এ দুই রাষ্ট্রের মাঝে এ ধরনের আরো ঘটনা সংঘটিত হওয়ার সম্ভাবনা আছে ?

উত্তর ঃ আমরা আশাকরি ভারত এ ঘটনা থেকে শিক্ষা গ্রহণ করবে এবং তার সন্ত্রাসী তৎপরতা বন্ধ করে দিবে। আর তাহলেই আর কোথাও সন্ত্রাসী কর্মকাণ্ড সংঘটিত হবে না। আর এমনিতেও বিজেপি প্রশাসনের কাছ থেকে কাশ্মীর অর্জন করা খুবই সহজ।

প্রশ্ন ঃ জনাব মাওলানা! আপনি বলেছেন যে, দিল্লীতে আপনি আইনসংগত পন্থায় প্রবেশ করেছিলেন। তেমনি আফগানিস্তান থেকে পাকিস্তানে প্রবেশ করার সময়ও কি আপনার কাছে প্রয়োজনীয় কাগজপত্র সব প্রস্তুত ছিলো ?

উত্তর ঃ আমার পাকিস্তানে প্রবেশ পরিপূর্ণভাবেই আইনসংগত। কারণ আমি পাকিস্তানেরই বাসিন্দা। আমার ভিসার মেয়াদ অতিক্রম করার সময় আমাকে সম্পূর্ণ অন্যায়ভাবে গ্রেফতার করা হয়েছে। আমার সাংবাদিক ভাইদের কাছে আমার প্রশ্ন, ভারতের কারাগার থেকে মুক্তিপ্রাপ্ত আমাদের তিনজনকে বিভিন্নভাবে সন্দিহান অবস্থায় পেশ করা হচ্ছে। আপনারা বলুন তো, যদি আপনাদের মধ্য হতে কেউ নিজ সাংবাদিকতার দায়িত্ব আদায়

করতে গিয়ে গ্রেফতার হন তবে কি তিনি নিজ দেশে ফিরে আসবেন না ? দুশমনের বন্দীশালা থেকে মুক্তি লাভ করা কি কোন অপরাধ ?

প্রশ্ন ঃ আপনি কি মনে করেন এ ধরনের ঘটনা আরো বেশি ঘটতে পারে ?

উত্তর ঃ আমি আশাকরি ভারতের রাজনীতিকরা বুদ্ধিমত্তার সাথে কাজ করবেন এবং তারা এ ধরনের কাজের কোন সুযোগ সৃষ্টি করে দিবে না যাতে গোটা দুনিয়ায় অস্থিরতা সৃষ্টি হতে পারে। এমন কোন কাজের সুযোগ তারা দিবেন না যার দ্বারা নিরস্ত্র সাধারণ মুসাফিরদের কষ্টের শিকার হতে হয়। আমি তো একথাই বলতে চাই যে, তারা যাতে অন্য কাউকে কষ্ট না দেয় যাতে কাউকে জ্বালাতন ও অস্থির না করে, তাহলে তাদেরকেও কেউ কষ্ট দিবে না, অস্থির ও পেরেশান করবে না। ভারতের সন্ত্রাসী তৎপরতা যদি বন্ধ হয়ে যায় তবে তার প্রতিরোধ ও বন্ধ হয়ে যাবে। এ সময় সংঘটিত বিমান ছিনতাইয়ের ঘটনাটি ছিলো কাশ্মীরে ভারতীয় সৈন্যদের সন্ত্রাসী তৎপরতার একটি প্রতিরোধমূলক ব্যবস্থা।

প্রশ্ন ঃ কাশ্মীরের মুক্তি আন্দোলনের ব্যাপারে আপনার নিজস্ব মন্তব্য কি ?

উত্তর ঃ আমি এ আন্দোলনকে অত্যন্ত পবিত্র ও বরকতপূর্ণ বলে মনে করি। বিমান হাইজ্যাকের একটি গুরুত্বপূর্ণ দিক ছিলো, কাশ্মীর প্রসঙ্গ সুতরাং দুনিয়ার সভ্য সমাজের উচিৎ এ বিষয়টি সমাধানে সচেষ্ট হওয়া। অন্যথায় এ ধরনের ঘটনাবলীকে ঠেকানো মুশকিল হয়ে যাবে।

প্রশ্ন ঃ মাওলানা! আপনি কি আপনার বন্দীকালীন সময়ে নিজের পরিবার পরিজন ও নিজের বন্ধু-বান্ধবের কথা স্মরণ করতেন ?

উত্তর ঃ শুনুন জনাব! এমনিতেই পবিত্র কুরআনের মধ্যে আমি সবচাইতে বড় নির্ভরতা খুঁজে পেতাম। পবিত্র কুরআন আমার জন্য এক বিরাট ছায়া ছিলো। আমি প্রায় সর্বদাই পবিত্র কুরআনের আয়াত তিলাওয়াত করতে থাকতাম। যখন আমাকে দিল্লী থেকে কান্দাহার নিয়ে যাওয়া হচ্ছিলো তখনো আমি অবিরামভাবে পবিত্র কুরআনের আয়াত পড়ে চলছিলাম। ভারতীয় সৈন্যরা আমাকে সর্ব রকম যুলুম ও নির্যাতনের লক্ষ্যস্থল বানিয়েছে কিন্তু মহান আল্লাহ আমাকে সেরকমই ধৈর্য্য ও হিম্মত দান করেছেন।

আর আমার প্রতি কি ধরনের শারীরিক নির্যাতন চালানো হয়েছে সে ব্যাপারে আমাকে কিছু জিজ্ঞাসা না করলেই ভাল। কারণ আমি যদি তার বিস্তারিত বিবরণ দেই তবে তা আপনারা শুনতে পারবেন না। কারাগারে আমার পরিবারের লোকদের কথা তো অবশ্যই স্মরণ হয়েছে। কিন্তু কেউ আমার সাথে সাক্ষাৎ করার সুযোগ পায়নি।

প্রশ্ন ঃ আপনি বন্দী থাকাকালীন জেল কর্তৃপক্ষ আপনার সাথে কি রকম আচরণ করেছে ?

উত্তর ঃ জেলখানায় যখন "মিস কেরী বেদী" জেল সুপারেন্টেন্ডেন্ট হয়ে এলেন তখন থেকে আমাদের কিছুটা ভাল সুযোগ সুবিধা লাভ হতে থাকলো। পত্র-পত্রিকা ও রেডিওর মাধ্যমে বহির্বিশ্বের সাথে আমাদের একটা যোগাযোগ থাকতো। কারাগারে আমরা সাপ্তাহিক "তাকবীর" পত্রিকা পড়ার জন্য পেতাম। কিন্তু সে বন্দীশালায় থেকে আমাদের মনে হয়েছে যে, ভারতের পাথরও পাকিস্তানের দুশমন। সুতরাং যে ব্যক্তির নাম পাকিস্তানের সাথে যুক্ত তার সাথে ভারতীয়দের আচরণ কী হতে পারে তা আপনারাই ভেবে দেখুন!

কারগিলের ঘটনায় ভারতীয় বন্দীরা আমাদেরকে খুনী মনে করতো। কারগীলের সহায়তা হিসেবে বন্দী মুজাহিদগণ কিছু চাঁদা তুলেছিলো। এ কারণে পাকিস্তানী কয়েদীদের অনেক কষ্ট সহ্য করতে হয়েছে।

প্রশ্ন ঃ জনাব মাওলানা! আমরা শেষবারের মত আপনার কাছে পুনরায় আরেকটি প্রশ্ন করতে চাই তাহলো, বিমান ছিনতাইকারী কারা ছিলো এবং তারা কোন দেশের অধিবাসী ?

উত্তর ঃ ছিনতাইকারীদের কাশ্মীরী হওয়ার সম্ভাবনাই বেশি। আমার ধারণা তারা কাশ্মীরী মুজাহিদ। তাদেরকে ইন্ডিয়ান এ কারণে বলি যেহেতু ইন্ডিয়ানরা কাশ্মীরকে তাদের দেশের অংশ বলে মনে করে। এ কারণে তারা সেখানে নিজের দেশের পাসপোর্ট কার্যকর বলে গণ্য করে। এদিক থেকে তারা ছিলেন ইন্ডিয়ান। আর এখন তারা সে স্থানেই ফিরে গেছে যেখান থেকে তারা এসেছিলো। ভারত ছিনতাইকারীদের গ্রেফতার করেছে বলে যে সংবাদ তারা প্রচার করছে তা তাদের একটি মিথ্যা প্রচারণা মাত্র।

কারামুক্তির বিবরণ মাসঊদ আযহারের মুখে

জম্মু থেকে কান্দাহার

যেদিন আমি গ্রেফতার হয়েছিলাম সেদিনটিও ছিলো পবিত্র জুমু'আর দিন। তার আগের রাতে অর্থাৎ বৃহস্পতিবার দিবাগত রাতে আমি ও আমার ভাই জনাব সাজ্জাদ খান শহীদ কাশ্মীরের ইসলামাবাদের একটি ঘরে অবস্থান করছিলাম। আমাদের দীর্ঘদিনের সাথী আবু গাজী শহীদ পনেরো জন সশস্ত্র মুজাহিদ সহকারে সে ঘরে প্রবেশ করলেন। অত্যন্ত উষ্ণ পরিবেশে তার সাথে সাক্ষাত হলো এবং অল্পক্ষণের মধ্যেই সে জিহাদী মজলিস আবেগপূর্ণ হয়ে উঠলো।

সুবহানাল্লাহ! সে ছিলো এক অবর্ণনীয় দুর্লভ দৃশ্য। আমার সামনে ও আশপাশে জিহাদী প্রেরণায় উজ্জীবিত, সুন্নাতের নমুনায় সুসজ্জিত কতগুলো মুখাবয়ব। আর সে মুখমণ্ডলে শাহাদতের স্পৃহায় ডুবন্ত চোখ আর সে চোখের মাঝে ইসলামের মাহাত্ম্য এবং সে ইসলামকে পুনর্বার জাগিয়ে তুলবার মনোরম স্বপ্ন। যে যুবকদের সিনা ছিলো গুলির ম্যাগজিন আর গ্রেনেট দ্বারা সুসজ্জিত। আর সে সীনার অভ্যন্তরে লুকায়িত অন্তর থেকে বীরত্ব ও সাহসিকতার সুবাস বিচ্ছুরিত হচ্ছিলো। তারা সকলেই অত্যন্ত মনযোগ, মহব্বত ও গুরুত্ব সহকারে আমার কথাগুলো শুনছিলেন। তাদের ক্লাসিনকোভগুলো তাদের কোলে এমনভাবে পড়েছিলো যেমনিভাবে আদরের ছোট্ট শিশু তার মায়ের কোলে পড়ে থাকে। কারো কারো কাছে রকেট লাঞ্চারও ছিলো। আবার কেউ কেউ ইন্ডিয়ান বাহিনী থেকে ছিনিয়ে আনা অস্ত্র-শস্ত্রও উচিয়ে রেখেছিলো। কায়েকজন সাথী নিচে পাহাদারের দায়িত্ব পালন করছিলো। তবে হ্যাঁ, কক্ষের ভিতরের এ বাহিনী যে মহান কাজের

সাধ উপভোগ করছিলো তা পরিত্যাগ করে জিহাদী প্রোগ্রামে অংশগ্রহণের অদম্য ইচ্ছা থাকা সত্ত্বেও নীচে পাহারাদারীর দায়িত্ব পালন করা তাদের কাছে যথেষ্ট কঠিন বোঝার মতই ছিলো। কিন্তু তারপরেও তারা অত্যন্ত সন্তুষ্টচিত্তে সহাস্য বদনে এ কঠিন কাজটি আঞ্জাম দিয়ে যাচ্ছিলেন। প্রায় এক ঘণ্টা পর্যন্ত বিভিন্ন বিষয়ে কথাবার্তা হলো। এরপর শুরু হলো প্রশ্নোত্তর পর্ব। ইতিমধ্যে নিকটবর্তী আরো একটি কেন্দ্রের মুজাহিদবৃন্দ ওয়ার্লেস-এর মাধ্যমে যোগাযোগ করলো-কিছুক্ষণ হাওয়ায় ভর করে যেন বিনা তারের আরেকটি জিহাদী মজলিস হয়ে যাচ্ছে। তারাও আমাদের এখানে আসতে আগ্রহী। কিন্তু তাদের মারকাযেই থাকা প্রয়োজন ছিলো। তাই ওয়ার্লেসের মাধ্যমে কিছুটা হলেও তাদের পিপাসা নিবারিত হলো। এ জিহাদী মজলিস রাত ২টায় শেষ হলো। তখন মুজাহিদগণ দেয়ালের সাথে হেলান দিয়ে খানিকটা তন্দ্রার স্বাদ নিতে থাকলো। আমি তাদের মধ্যকার একজনের ক্লাসিনকোভ হাতে নিলাম এবং পাহারাদারীতে রত মুজাহিদদের সাথে অংশগ্রহণের জন্য সিঁড়ি বেয়ে নামতে লাগলাম। রাস্তায় আমি ক্লাসিনকোভটা পরীক্ষা করে দেখলাম। দেখা গেলো, সে মুশরিকদের সাথে কথা বলতে পরিপূর্ণ প্রস্তুত অর্থাৎ তার "লক" খোলা ছিলো এবং চেম্বারে গুলি ছিলো।

ক্লাসিনকোভ প্রস্তুত দেখে অন্তর খুশিতে ভরে উঠলো এবং হৃদয়টা হয়ে গেলো বাগ বাগ। আলহামদুলিল্লাহ রাতের শেষ প্রহরে যখন ব্যাপক ঠাণ্ডা বায়ু প্রবাহিত হাওয়ার কারণে আবহাওয়া অত্যন্ত হিমশীতল এবং সে সাথে তখন আসমান থেকে বর্ষিত হচ্ছিলো রহমতের বারিধারা। সে সময় আল্লাহ পাক কাশ্মীর রণাঙ্গনে কিছু সময় আমাকে পাহারাদারী করার তাওফীক দান করলেন। এ বিশাল নেয়ামতের শুকরিয়া হিসাবে যাই করা হোক না কেন তা কমই হবে। এভাবেই একটি স্মরণীয় রাত অতিক্রান্ত হলো। এটি ছিলো ১৪১৪ হিজরীর শাবানের আটাশতম রজনী। আর ইংরেজী ক্যালেন্ডারে তখন ছিলো ১৯৯৪ সাল।

শুক্রবার সকাল হলো। এ জুমু'আর দিনটি আমার জন্য এমন একটি পয়গাম বয়ে নিয়ে এলো, পূর্বে যার কোন দূরবর্তী অবগতিও আমার ছিলো না। সকাল যখন ৯টা তখন ভাই সাজ্জাদ খান শহীদকে নিয়ে আমরা

কাশ্মীরের ইসলামবাদ শহর অভিমুখে রওয়ানা হলাম। তার ইচ্ছা ছিলো শহরের জামে মসজিদে পবিত্র জুমু'আর নামায আদায় করা। কিন্তু পথিমধ্যে আমাদের গাড়ী খারাপ হয়ে যাওয়ার দরুণ আমরা একটি বেবীটেক্সি নিতে বাধ্য হলাম। এরপর প্রায় ১২টার সময় যখন সূর্য পশ্চিম গগনে হেলে যাওয়ার প্রস্তুতি নিচ্ছে ঠিক তখনি আমরা দুইজন গ্রেফতার হয়ে গেলাম। আমাদের বন্দী করে ইন্ডিয়ান আর্মিরা খুব ফুর্তি করতে লাগলো। আমার এখনো তাদের সেই শ্লোগান স্মরণ হচ্ছে-যা তারা থেমে থেমে উচ্চারণ করে চলছিলো। একটি সেনা ছাউনীতে নিয়ে আমাদেরকে বসিয়ে রাখা হলো। তখন আমাদের চোখ ছিলো বাধা আর হাত পিছন দিক থেকে শক্ত রশিতে বেঁধে দেয়া হয়েছিলো। কিন্তু আমাদের কানে আসছিলো তাদের ফুর্তি আর অহংকারী একটি সমাবেশের আওয়ায, যা আমাদের থেকে সামান্য দূরেই অনুষ্ঠিত হচ্ছিলো। গরুর পুজারী ঐ গোষ্ঠী খুশিতে যেন ফুলে ফেঁপে উঠেছে। কিছুক্ষণ পরপর তারা চিৎকার করে করে শ্লোগান দিচ্ছিলো, জয় হিন্দ, জয় ভারত মাতা ইত্যাদি।

সে ছিলো এক মর্মস্পর্শী দৃশ্য!

আহ! সেটি কতই না মর্মস্পর্শী দৃশ্য ছিলো আর কি বেদনাদায়ক ছিলো সে পরিস্থিতি। আল্লাহ পাকের দুশমন, ইসলামের শত্রু আর মুসলমান হত্যাকারীরা ফুর্তি করছে আর আমরা নিতান্ত অসহায় অবস্থায়। কিছুক্ষণ পর পর আমাদের উপর চালানো নির্যাতন নিপীড়নের অপেক্ষা করছি।

এবার অপর একটি দৃশ্যের কথা আলোচনা করছি। এটাও ছিলো পবিত্র জুমু'আর রাত। জম্মু সীমান্তের কাছে কোর্ট বাহওয়ালের বন্দীশালার ৯ নং ওয়ার্ডের একটি ছোট্ট কক্ষে আমরা কয়েকজন তারাবীর নামায পড়ছিলাম। ভাই মাওলানা আবু জানদাল তারাবীর ইমামতি করছিলেন। তিনি ষোল রাকা'আত তারাবীর মধ্যে পবিত্র কুরআন শরীফ একপারা পড়ে ফেললেন। তারাবীর নামাযের পর রাত সাড়ে আটটায় কারাগারের কর্মকর্তারা এলো। তারা প্রথমে আমাদেরকে গুনে দেখলো। এরপর আমাদের কক্ষে আবার তালা লাগিয়ে দিলো। সে ওয়ার্ডের সবাই আমার সেলে এলো যেখানে বসে

আমরা খবর শুনছিলাম এবং বিমান ছিনতাইয়ের বিষয়টি নিয়ে আলাপ আলোচনা করছিলাম। যেহেতু ঘটনাটি অধিকাংশ সাথীর জন্য একটি আশা ও খুশির বিষয় ছিলো। এ জন্য তাদের কথাবার্তাও খুব আশ্চর্য ধরনের ছিলো। কারা প্রকোষ্ঠের সে অন্ধকার গুহায় এতটুকু আলোর কিরণের উত্তপ্ততা পরিষ্কারভাবেই অনুভূত হচ্ছিলো এবং বেশ কয়েকদিন ধরেই আমার দোস্ত ও সাথীরা দু'আ ও সালাতুল হাজাতের মধ্যে লিপ্ত ছিলো। সে রাতেও প্রায় দশটা পর্যন্ত ঈমানী আলোয় উদ্ভাসিত মজলিস চলতে থাকলো। এরপর আমি আমার সেলে একাই থেকে গেলাম। কিন্তু আমি বুঝতে পরছিলাম না যে, আমার চোখ থেকে ঘুম কোথায় উড়ে গেলো। সম্ভবতঃ পরবর্তী দিন আমার সামনে যে বিষয়টি আসছে তারই একটা প্রভাব ছিলো। যা এখনো আমি ঘুনাক্ষরেও জানি না। মোটামুটিভাবে এ রাতটি কেটে গেলো। শেষ রাতে সাহরীর সময় আবার সাথীদের সাথে আমার সাক্ষাত হলো।

১৪২০ হিজরী, ২২ শে রমাযান পবিত্র জুমু'আর দিনের সূর্য উদিত হলো। আমি ছিলাম সারা রাতের ক্লান্ত, তাই সূর্য উঠার সাথে সাথেই শুয়ে পড়লাম। প্রায় দশটার দিকে আমার চোখ খুললো। আমি উযূ করতে চলে গেলাম। উযূ করে এসে আমি নামাযে লিপ্ত ছিলাম। ইতিমধ্যে জেল কর্তৃপক্ষ বেশি বেশি সংখ্যায় আমার কাছে আসতে শুরু করলো। তারা আমাকে বললো, আপনার এক জায়গায় যেতে হবে, আপনি প্রস্তুত হয়ে নিন। আমি জিজ্ঞাসা করলাম আমাকে কোথায় যেতে হবে ? উত্তরে কেউ বললো, কান্দাহার আবার কেউ অস্পষ্ট একটা জবাব দিয়েই ক্ষ্যান্ত হলো। আমার সাথীরা আমার সংক্ষিপ্ত সফরের সামান প্রস্তুত করে দিলো এবং তারা একে একে আমাকে বিদায় জানাতে লাগলো। তাদের সকলের চোখ থেকে তখন যেন মহব্বতের মুক্তা ঝরে পড়ছিলো। তারা অঝোরে অশ্রু বিসর্জন দিচ্ছিলো, কেউ আবার অস্থিরভাবে কেঁদে যাচ্ছিলো। এ পর্যায়ে আমি তাদেরকে কিছু উপদেশ দেয়ার ইচ্ছা করলাম কিন্তু এক সময় আমি আমার নিয়ন্ত্রণও হারিয়ে ফেললাম। সে সময় আমার পুরোপুরি অনুভূতি হয়েছে বন্দী জীবনে আমার সাথীদের সাথে আমার কি ধরনের ঘনিষ্ঠতা ও মহব্বত তৈরি হয়ে গেছে। আমরা একে অপরের জন্য যেমন প্রয়োজন ছিলাম তেমনি

একজন ছিলাম অপর জনের জন্য শান্তি ও তৃপ্তির কারণ। মহান আল্লাহর পর আমরা সাথীরা পরস্পরে একে অপরের জন্য ছিলাম ভরসা। আমরা একত্রে মার খেয়েছি। একে অপরের জখমে পট্টি বেঁধেছি আর একত্রে মিলে কাফির বেঈমানদের আক্রমণের মোকাবেলা করেছি। আমরা এত কাছাকাছি ছিলাম যে, একজন অন্যজনের পরিচিত পরিজনে পরিণত হয়েছি। এরপর তথাকার সকল নওজোয়ানরাই ছিলো আমার প্রিয় সাগরেদ। তারা জেলখানায় আমার সাথে যে ধরনের আন্তরিকতা ও হৃদ্যতা, সম্মান; মর্যাদা ও কৃতজ্ঞতার আচরণ করেছে তার একটি মুহূর্তকেও ভুলে যাওয়া আমার জন্য অসম্ভব। আল্লাহ পাকের কসম করে বলছি, যতক্ষণ পর্যন্ত আমার সে সাথীরা সকলে মুক্ত হয়ে আমার কাছে এসে না পৌঁছুবে ততক্ষণ অমি আমার মুক্তিকে পরিপূর্ণ মনে করতে পারবো না।

আমাকে একটি বিমানে উঠানো হলো

সময় তখন দুপুর ১১টা। আমি আমার সাথীদের ক্রন্দনরত অবস্থায় রেখে আমার ওয়ার্ড থেকে বাইরে বেরিয়ে এলাম। জেলখানা থেকে বের হওয়ার আগেই আমার চোখ বেঁধে দেয়া হলো এবং উভয় হাতে হাতকড়া পরিয়ে দেয়া হলো। কঠোর প্রহরার মধ্যদিয়ে আমাকে কিছুদূর নিয়ে যাওয়া হলো। সেখানে নিয়ে আমাকে একটি বিমানে বসিয়ে দেয়া হলো। এটি আমাদের নিয়ে দিল্লী গিয়ে অবতরণ করলো। এরপর সেখান থেকে কঠোর নিরাপত্তা বেষ্টনীর ভিতর দিয়ে আমাকে একটি গাড়ীতে আরো কিছুদূর একদিকে নিয়ে গেলো। এখানে এসে আমি বললাম, আমার চোখ খুলে দিন এবং আমার কুরআন শরীফ আমার হাতে দিন! যাতে আমি পবিত্র কুরআন তিলাওয়াত করতে পারি। তারা আমার প্রস্তাব অস্বীকার করার কারণে আমার মাঝে খুব গোস্‌সার সৃষ্টি হলো। ফলে আমি কোন পরিণতির কথা চিন্তা না করেই শক্ত শব্দে তাদেরকে বেশ গাল-মন্দ করলাম। হঠাৎ এ পরিস্থিতিতে তারা ঘাব্‌ড়ে গেলো এবং আমার চোখের বন্ধন খুলে দিলো। আমি তখন দেখলাম আমার সামনেই ইন্ডিয়ান এয়ার লাইন্সের একটি বিমান অবস্থান করছে এবং তার চতুর্দিকে অদ্ভুত ধরনের কিছু লোকজন ছুটোছুটি করছে। পরে জানতে

পারলাম যে, এরা ভারতের একটি গোপন সংস্থার উর্দ্ধতন কর্তৃপক্ষ। তাদের কয়েকজন আমাকে নিয়ে ঐ বিমানটিতে আরোহণ করলো-যে বিমানটি আমার সামনে দাঁড়ানো ছিলো। জাহাজে উঠিয়ে আমাকে একটি সীটে বসিয়ে দেয়া হলো এবং আমার ডানে বামে ও সামনে পিছনে শক্তিশালী অস্ত্রসজ্জিত কমান্ডো বাহিনী নিয়োগ করে দেয়া হলো। আমি আমার ব্যাগ থেকে কুরআন শরীফ বের করে নিলাম এবং আমার সীটে বসে কুরআন শরীফ তিলাওয়াত করতে শুরু করলাম। এর অল্পক্ষণের মধ্যেই বিমানটি বিমানরুটে দৌড়াতে শুরু করলো এবং এর পরেই বিমানটি জালিমদের ভূমি ছেড়ে নিজেকে আকাশ পথে উড়িয়ে দিলো। তখন আমার কানে একটি আওয়ায ভেসে এলো, মুহতারম ভাই ও বোনেরা! আমরা আপনাদেরকে কান্দাহারের পথে উড়ে চলার জন্য 'খোশ আমদেদ' জানাচ্ছি।

এ ঘোষণা শোনার সাথে সাথে আমার অজান্তেই মুখ থেকে তাকবীরের বুলন্দ আওয়ায বেরিয়ে এলো এবং আমার মুখে উচ্চারিত হতে লাগলো নিম্নোক্ত দু'আটি -

اَلْحَمْدُلِلّٰهِ الَّذِىْ نَجَّانِى مِنَ الْقَوْمِ الظّٰلِمِيْنَ رَبِّ اَنْزِلْنِىْ مُنْزَلًا مُّبَارَكًا وَّاَنْتَ
خَيْرُالْمُنْزِلِيْنَ عَسٰى رَبِّىْ اَنْ يَّهْدِيَنِىْ سَوَاءَ السَّبِيْلِ رَبِّ اِنِّىْ لِمَا
اَنْزَلْتَ اِلَىَّ مِنْ خَيْرٍ فَقِيْرٌ

(ঐ আল্লাহর জন্যই সকল প্রশংসা যিনি আমাকে অত্যাচারী সম্প্রদায় থেকে মুক্তি দিয়েছেন। হে আমার প্রতি পালক! আমাকে বরকতময় জায়গায় অবতরন করান। আপনি শ্রেষ্ঠ অবতরনকারী। সম্ভবতঃ আমার রব আমাকে সঠিক পথ প্রদর্শন করবেন।)

আনন্দে আমার চোখের অশ্রু যখন বাইরে বেরিয়ে আসতে চাইলো তখন অনেক কষ্টে আমি তা দমিয়ে রাখলাম, যাতে এমন না হয় যে, দুশমন আমাকে কাঁদতে দেখে খুশিতে হাসতে থাকে। ইন্ডিয়ান এয়ার লাইন্সের বিমান আমাকে নিয়ে কুফরী রাষ্ট্র থেকে ইসলামী রাষ্ট্রের দিকে এগিয়ে

চলছিলো। ঈমানদারেরা তখন আনন্দ করার প্রস্তুতি নিচ্ছিলো, ইসলামী দুনিয়া বিজয় ও শির উঁচু হওয়ার অনুভূতিতে পাগলপ্রায় ছিলো আর কুফরী শক্তির উপর ছিলো মাতম আর আহাজারীর স্পষ্ট ছাপ। এরই মধ্যে রচিত হতে যাচ্ছে ইতিহাসের এক নতুন অধ্যায়ের।

বিমানের সামনের সীটে ছিলো যশোবন্ত সিন্‌হা

বিমানটি আকাশে উড্ডয়ন করেই নিজের গতি পাকিস্তানের দিকে করে নিলো। যেহেতু জাহাজটিকে বেলুচিস্তানের উপর দিয়েই আফগানিস্তানে প্রবেশ করতে হবে। আমি পিছনের দিকে তাকিয়ে দেখলাম আমার সীটের কয়েক সীট পরে কাশ্মীরের প্রসিদ্ধ গেরিলা কমান্ডার মুশতাক আহমদ যারগীর অত্যন্ত অনুসন্ধানী গভীর দৃষ্টিতে আমার দিকে তাকিয়ে আছেন। যখন আমাদের চার চোখের মিলন হলো, তখন তিনি ইশারায় আমাকে আমাদের গন্তব্য কোথায় জানতে চাইলেন। সম্ভবতঃ তিনি এখনো এ ব্যাপারে দ্বিধা-দ্বন্দ্বে ছিলেন যে, এ বিমানের গন্তব্য কোথায়। খুব সম্ভব তার চোখে ও কানে পট্টি বেধে দেয়ার কারণেই তিনি বিমান যাত্রার সূচনা মুহূর্তে বিমান কর্তৃপক্ষের ঘোষণা শুনতে পাননি। অবশ্য পরে তার চোখও খুলে দেয়া হয়েছিলো। তখন চোখের ইশারাতেই আমি তাকে মুক্তির সুসংবাদ শোনালাম। সাথে সাথেই তার চেহারায় সে সুসংবাদের প্রভাব লক্ষ্য করলাম।

আমার সীট থেকে কয়েক সিট আগে আমাদের আরেক মুজাহিদ সাথী আহমদ উমর শাইখ বসেছিলেন। আমাদের প্রত্যেককেই তিনজন করে কমান্ডো শক্তভাবে বেষ্টন করে রেখেছিলো। অথচ সে জাহাজে শক্তিশালী কমান্ডো বাহিনীর প্রায় নব্বই জন সদস্য উপস্থিত ছিলো। বিমানের সর্বপ্রথম সীটে বসছিলো ভারতীয় মুশরিক সরকারের পররাষ্ট্রমন্ত্রী যশোবন্ত সিন্‌হা। সে দু চারবার বিমানের ককপিটেও প্রবেশ করলো। তার সাথী কর্মচারীদের মধ্যে ডাক্তারও ছিলো। তারা কিছুক্ষণ পরপর তাকে রকমারী ঔষধ খাইয়ে চলছিলো। বিমানের দায়িত্বশীলরা নিয়মানুসারে আমাদেরকেও খানা-পিনার কথা জিজ্ঞাসা করলো। আমরা রোযাদার বলে তাদের খাবার প্রত্যাখান

করলাম। অবশ্য যদি রোযা নাও থাকতাম তবুও কোন অপারগতা প্রকাশ করে তাদের খাবার গ্রহণ থেকে বিরত থাকতাম এতে কোন সন্দেহ নেই। কারণ মুক্তির এ নিকটবর্তী সময়ে আমাদের পেটে যেমন ক্ষুধার কোন অনুভূতি ছিলো না, ছিলো না পিপাসার সামান্যম অনুভব তেমনি অন্তরে ছিলো না ওদের খাবারের প্রতি কোন আগ্রহ।

প্রায় পৌনে দুই ঘণ্টা আকাশপথে দ্রুতগতিতে চলতে থাকার পর বিমানটি নিজের আসল গন্তব্যে মোড় নিলো এবং ধীরে ধীরে নিচে নেমে আসতে শুরু করলো। এর পরই এসে গেলো সে ঐতিহাসিক মুহূর্ত যখন ইন্ডিয়ান এ বিমানটি নিজের মাথায় অপমান আর পরাজয়ের গ্লানি বরণ করে ইসলামী আমীরাত আফগানিস্তানের শহর কান্দাহার বিমানবন্দরে মাথানত করে অবতরণ করলো। জাহাজটি রানওয়েতে দৌড়াচ্ছিলো আর আমার অন্তরে এক আশ্চর্য ধরনের বিজলীর চমক আর আলোর বিকিরণ এদিক ওদিক ছুটোছুটি করছিলো। কারণ এ মুহূর্তে বিমানটি যে দেশের মাটিতে অবতরণ করেছে সে দেশের প্রতিটি বস্তুই ছিলো আমার অত্যন্ত প্রিয়। এ শহরের বুকের উপর হাজারো শহীদের রক্ত প্রবাহমান এবং সে মহান ব্যক্তি যার প্রতি মহব্বত ও ভালবাসায় আমার অন্তর ছিলো কানায় কানায় পূর্ণ আমি যার মহব্বতে ছিলাম পাগলপারা আর বন্দীশালার শক্ত লৌহ শলাকায় আবদ্ধ থাকা অবস্থাতেই আমি যার হাতে বাইয়াত গ্রহণ করেছিলাম তিনি ছিলেন এ শহরের বাসিন্দা। হ্যাঁ, কান্দাহার আমাদের সেই মহান আমীরুল মুমিনীনের শহর যিনি এ যুগে ইসলামের ঝাণ্ডা বুলন্দ করেছেন, যার অস্তিত্ব বিশ্ব মুসলিমের জন্য মহান আল্লাহ পাকের একটি বিরাট নেয়ামত ও রহমত। আমি যখন কারাগারে ছিলাম তখন এ শহরের ভিটামাটি আর অলিগলি দর্শন করা এবং এ শহরে অবস্থান কারী হযরত আমীরুল মুমিনীনের হস্ত চুম্বন করার বড়ই আকাঙ্ক্ষা ছিলো। এটি ছিলো আমার জীবনের একটি বড় তামান্না। আমি আমার দোয়াসমূহের মধ্যে এবং আমার লেখায় বারবার এ আকাঙ্ক্ষার কথা প্রকাশও করেছি। আহ! আমার প্রভু তাঁর নিজ অনুগ্রহে আমার মুক্তির জন্য সে শহরটিকেই নির্বাচন করেছেন যেখান থেকে আজ গোটা বিশ্বে ইসলামের বিজয় ডংকা বাজতে শুরু করেছে।

আয় আল্লাহ! এটা তো সেই শহর যেখানে তোমার কালিমার আওয়ায বুলন্দ হয়েছে। যেখানে ইসলাম ও মুসলমানগণ মুক্ত-স্বাধীন। আর যে দেশের শাসক তোমার প্রিয় বান্দা। কান্দাহার বিমানবন্দরে বিমানটি অবতরণ করে রানওয়েতে দৌড়াচ্ছিলো। রানওয়ের দুই পার্শ্বে হাজার হাজার অস্ত্রসজ্জিত তালিবান সৈনিকের নুরানী ও সুদর্শন মুখাবয়ব আমার ঈমান ও আমার আনন্দ বৃদ্ধির কারণ ছিলো। বিমানবন্দরে আমি তালিবানদের এত বড় বাহিনী দেখে অস্থির হয়ে গেলাম। পরে আমি জানতে পারলাম যে, আজ গোটা কান্দাহার বাসীর মনে এই আগ্রহ ছিলো যে, তারা কান্দাহার বিমানবন্দরের আজকের এ ঐতিহাসিক ঘটনা প্রবাহ দেখার জন্য বিমানবন্দরে হাজির থাকবে। কিন্তু নিরাপত্তা ও সুষ্ঠু ব্যবস্থাপনার স্বার্থে তালিবান সরকার আজকে সাধারণ লোকদের বিমানবন্দরে প্রবেশের উপর বিধি-নিষেধ আরোপ করে দিয়েছেন। ফলে মাত্র কয়েক হাজার লোক সেখানে আসতে পেরেছে। যদিও তালিবানদের সাথে ঐ বিমান ছিনতাইয়ের কোন সম্পর্কই ছিলো না-তা সত্ত্বেও পুরো কান্দাহারবাসী একারণে আনন্দিত ছিলো যে, আল্লাহ্ পাক তাদের কজন মুসলমান ভাইকে মুক্ত করার ব্যবস্থা করেছেন এবং বিমানের বিষয়টিও অত্যন্ত সুষ্ঠুভাবেই সমাধা হয়েছে।

হযরত আমীরুল মুমিনীনের বরকতে কান্দাহারবাসীদের মাঝে ইসলামী ভ্রাতৃত্ববোধ ও দ্বীনী সম্পর্কের বিষয়টি গভীরভাবে জাগ্রত ছিলো। এ কারণে তারা আনন্দে যেন আত্মহারা ছিলো। খুশির অনুভূতিতে তাদের চোখ যেন তারার ন্যায় চমকে উঠেছিলো। কান্দাহার এয়ারপোর্টে তালিবানদের হাজার হাজার অস্ত্রসজ্জিত সামরিক বাহিনী ও নিরাপত্তারক্ষী এবং তাদের সুন্দর সুন্দর গাড়ী, ট্যাংক, অস্ত্র-শস্ত্র আর সুনিয়ন্ত্রিত ব্যবস্থাপনা ভারতীয় নেতাদের এক গভীর চিন্তায় ফেলে দিয়েছিলো। ইন্ডিয়া এয়ারলাইন্সের বিমানে বসে থাকা প্রতিটি মুশরিকের চেহারাতেই এ চিন্তার ছাপ পরিষ্কারভাবে পরিলক্ষিত হচ্ছিলো। ভারতীয় সরকার দীর্ঘ কয়েক বছর যাবৎ চোর আর ডাকাতদের সমন্বয়ে গঠিত তালিবান বিরোধী উত্তরাঞ্চলীয় জোটকে দিল্লীতে আশ্রয় দিয়ে রেখেছিলো এবং তারা ঐ খুনীদেরকে সর্বরকম সাহায্য সহায়তা দিয়ে

আসছে। উত্তরাঞ্চলীয় জোটের ঐ চোর ডাকাতেরা ভারত সরকারকে জানিয়েছিলো যে, তালিবান একটি অগোছালো ও অনিয়ন্ত্রিত বিশৃঙ্খল গ্রুপের নাম-যা অল্পদিনের মধ্যেই শেষ হয়ে যাবে। কিন্তু আজ ভারতের পররাষ্ট্রমন্ত্রী তালিবানদের রাজনৈতিক গুরুত্ব, বিচক্ষণতা ও দক্ষতার স্বীকৃতি দিয়ে কান্দাহার বিমানবন্দরে অবতরণ করেছে এবং বিমান বন্দরে উপস্থিত তালিবানদের সুবিন্যস্ত ব্যবস্থাপনা ও সুনিয়ন্ত্রিত শক্তি-সাহস সে নিজ চোখেই প্রত্যক্ষ করছে।

যাহোক কয়েক মিনিট পর বিমানটি এক স্থানে থেমে গেলো। আমরা মনে করেছিলাম যে, ভারতীয় নেতাদের সাথে আমাদের ও যিম্মী যাত্রীদের অদল-বদল করতে এবং আমাদের মুক্তি প্রক্রিয়া সম্পন্ন করতে কয়েক ঘণ্টা সময় তো লেগেই যাবে। এক্ষেত্রে আরো কিছু সংশয়-সন্দেহ মনে খোঁচা মারতে থাকলো। আর কয়েক ঘণ্টা বিলম্বের কল্পনাটাও আমার উপর একটি পাহাড়ের মত ভারী মনে হচ্ছিলো। আমার মন চাচ্ছিলো যে, আমি নিজেই উঠে গিয়ে বিমানের দরজা ভেংগে ফেলি এবং পাগলের মত দৌড়ে গিয়ে কান্দাহারের ঐ পবিত্র ভূমিতে অবতরণ করি-যে জমীন থেকে শহীদদের পবিত্র খুনের সুবাস আমাকে এবং আমার অন্তরকে দারুণভাবে আকর্ষণ করছিলো।

বিমানটি থামার সাথে সাথেই তার গায়ে সিঁড়ি লাগানো হলো এবং আমি দেখতে পেলাম যে, একজন লোক খুব দ্রুত আমার দিকে এগিয়ে আসছে (পরে জানতে পারলাম যে, এ লোকটি ছিলো ভারতীয় প্রতিনিধি দলের নেতা) সে আমাকে এসে বললো, মাওলানা সাহেব! দ্রুত বিমান থেকে নামুন। আমি তাকে বল্লাম ধৈর্য্য ধরো, আমাকে পাগড়ী বেঁধে নিতে হবে। কারণ এটা হলো তালিবানদের মাটি। আমি বিমান থেকেই ধীরস্থিরে পাগড়ী বাঁধলাম। এরপর মুশতাক আহমদ যারগীর ও অপর সাথীকে সাথে নিয়ে বিমান থেকে নীচে নেমে এলাম। কান্দাহারের মাটিতে পা রাখার সাথে সাথেই দিলের অবস্থা পরিবর্তন হয়ে গেলো। বিমানের সিঁড়িতেই তালিবানদের কিছু উচ্চপদস্থ নেতৃবৃন্দ আমাকে অভ্যর্থনা জানালেন। পরে

জানতে পেরেছি যে, তার মধ্যে কান্দাহারের ডিবিশন কমান্ডার মৌলভী মুহাম্মদ আখতার উসমানী সাহেবও ছিলেন। তিনি আমাকে গভীরভাবে হৃদ্যতাপূর্ণ সালাম ও মুআনাকা করার পর আমার হাত ধরে নিয়ে আমাকে একটি গাড়ীতে বসিয়ে দিলেন। সে গাড়ীর ডান পার্শ্বে মাত্র কয়েক কদম দূরত্বে দাঁড়ানো ছিলো ইন্ডিয়ান এয়ারলাইন্সের সে বিমানটি যেটি আজ থেকে এক সপ্তাহ পূর্বে ছিনতাই করা হয়েছে। আমার নযর সে বিমানটির প্রতি নিবদ্ধ ছিলো। তালিবান প্রশাসনের ডিবিশন প্রধান আমাকে গাড়ীতে বসিয়ে ঐ ছিনতাইকৃত বিমানটির দিকে অগ্রসর হলেন এবং তিনি নিচে দাঁড়িয়েই বিমান ছিনতাইকারীদের সাথে কিছু কথা বললেন। অতঃপর আমি এ আশ্চর্য দৃশ্য প্রত্যক্ষ করলাম যে, দুজন মুখোশ পরিহিত ব্যক্তি একটি সিঁড়ির মাধ্যমে বিমান থেকে নেমে এলো।

তাদের দু'জনেরই হাতে ছিলো পিস্তল এবং গ্রেনেট। তাদের মধ্যে একজনের গায়ে ছিলো অত্যন্ত সুদর্শন পোশাক আর অপরজনের গায়ে ছিলো সাফারী ধরনের পোশাক। তারা তাদের হাতে থাকা পিস্তল ও গ্রেনেট নিয়ে দৌড়ে আমার গাড়ীর দিকে এগিয়ে এলো এবং ক্রন্দনরত অবস্থায় আমাকে বুকে জড়িয়ে নিলো।

